# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৭৩৫

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৪০. ওযুর পরে তোয়ালে বা রুমাল (দ্বারা মোছা)

بَابُ الْمِنْدِيلِ بَعْدَ الْوُضُوءِ

আরবী

أَخْبَرَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُوسَى عَنْ ابْنِ أَبِي لَيْلَى عَنْ سَلَمَةَ بْنِ كُهَيْلٍ عَنْ كُرَيْبٍ عَنْ ابْنِ عَبَّاسٍ قَالَ سَأَلْتُ مَيْمُونَةَ خَالَتِي عَنْ غُسْلِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ الْجَنَابَةِ فَقَالَتْ كَانَ يُؤْتَى بِالْإِنَاءِ فَيُفْرِغُ بِيَمِينِهِ عَلَى شِمَالِهِ فَيَغْسِلُ فَرْجَهُ وَمَا أَصَابَهُ ثُمَّ يَتَوَضَّأُ وُضُوءَهُ لِلصَّلَاةِ ثُمَّ يَغْسِلُ رَأْسَهُ وَسَائِرَ جَسَدِهِ ثُمَّ يَتَحَوَّلُ فَيَغْسِلُ رِجْلَيْهِ ثُمَّ يُؤْتَى بِالْمِنْدِيلِ فَيَضَعُهُ بَيْنَ يَدَيْهِ فَيَنْفُضُ أَصَابِعَهُ وَلَا يَمَسُّهُ

إسناده ضعيف لضعف محمد بن أبي ليلى لكن الحديث متفق عليه

বাংলা

৭৩৫. ইবনু আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা হতে বর্ণিত, তিনি বলেন, আমি আমার খালা মায়মুনাহ রাদ্বিয়াল্লাহ আনহাকে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জানাবাতের (বড় অপবিত্রতার) গোসল সম্পর্কে জিজ্ঞাসা করলাম। তখন তিনি বললেন, তাঁর নিকট পানির পাত্র আনা হতো। তখন তিনি ডান হাত দিয়ে বাম হাতের উপর পানি ঢেলে দিতেন, তারপর তিনি তাঁর লজ্জাস্থানে লেগে থাকা অপবিত্রতা ধুয়ে ফেলতেন। এরপর তিনি সালাতের ওযুর ন্যায় ওযু করতেন। তারপর তিনি তাঁর মাথা এবং সারা শরীর ধুতেন। এরপর সেই স্থান হতে একটু সরে যেতেন এবং তাঁর দু’পা ধুতেন। তারপর তাঁকে একটি রুমাল বা তোয়ালে দেয়া হলে তিনি তা তার সামনে রেখে দিতেন অতঃপর তাঁর আঙ্গুলসমূহ ঝাড়া দিতেন কিন্তু তিনি তা স্পর্শ করতেন না।”[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ যয়ীফ। কিন্তু হাদীসটি সহীহ বুখারী-মুসলিমের হাদীস।

তাখরীজ: সহীহ বুখারী ২৫৯; সহীহ মুসলিম ৩১৭; আবু আওয়ানাহ ১/২৯৯, ৩০০ সহীহ সনদে।

আমরা এর পূর্ণাঙ্গ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ১১৯০ এ; মুসনাদুল মাওসিলী নং ৭১০১ এ এবং মুসনাদুল হুমাইদী নং ৩১৮ এর টীকায়। আরও দেখুন নাইলুল আওতার ১/৩০৯।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=76111

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন